দৈনিক বাংলা

104

তারিখ 18 AUG 1991
পৃষ্ঠা ৮ কলাম ৩

আজ সিন্ডিকেটের সভা

# ভার্সিটি খোলার তারিখ দিন : শিক্ষা সংগ্রাম কমিটি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনার জন্যে আজ রোববার সিন্ডিকেটের এক সভা আহ্বান করা হয়েছে। এতে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ নির্ধারণ করা হতে পারে বলে সংশ্লিষ্ট

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি খোলার তারিখ দিন : শিক্ষা সংগ্রাম কমিটি

(প্রথম পৃষ্ঠার পর)

একটি সূত্র জানায়।

**হলে অবস্থান কর্মসূচী**

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটির নেতৃবৃন্দ পূর্ব প্রতিশ্রুতি অনুসারে ১৯ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার দিন ঘোষণা করতে কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ভাস্কর্য 'অপরাজেয় বাংলার' পাদদেশে অনুষ্ঠিত এক জমায়েতে এ আহ্বান জানানো হয়। এতে বক্তৃতা করেন সেলিম রেজা নিউটন, খায়রুল ইসলাম চৌধুরী রূপন ও আজাদ আহমদ। তারা বলেন, কর্তৃপক্ষ তাদের প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে। জমায়েতের পর সংগ্রাম কমিটির বিভিন্ন প্রতিনিধি দল ছাত্রাবাসে গিয়ে বিকাল পাঁচটা পর্যন্ত 'হলে অবস্থান' কর্মসূচী পালন করে।

**বিবৃতি জমায়েত**

জাতীয় ছাত্র লীগের এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ২০শে আগস্টের মধ্যে খুলে দেয়ার দাবী জানানো হয়।

গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের এক জমায়েতে বলা হয়, কতিপয় সংগঠন সন্ত্রাস-নৈরাজ্যের মাধ্যমে গোটা শিক্ষা ব্যবস্থাকে বিপন্ন করে তুলেছে। চিহ্নিত খুনী ও অস্ত্রধারীদের সংগঠনে আশ্রয় দিয়ে লালন করছে। অথচ সরকার নীরব দর্শকের ভূমিকা পালন করছে। বক্তাগণ সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ অবস্থান গ্রহণের জন্যে বাম ও প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর প্রতি আহ্বান জানান। জমায়েতে সভাপতিত্ব করেন বেলাল চৌধুরী। বক্তৃতা করেন মোস্তফা কামাল, রাজেকুজ্জামান রতন, জাকির হোসেন প্রমুখ।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা এক বিবৃতিতে শিক্ষা সংগ্রাম কমিটির দাবীর প্রতি সমর্থন জানিয়েছে।